

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবি) জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগে ট্রান্সজেনিক গ্রিনহাউস উদ্বোধন করা হয়েছে। গতকাল রোববার দুপুরে উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ এটি উদ্বোধন করেন।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন, জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগ গবেষণায় অনবদ্য অবদান রেখে চলেছে। এই ট্রান্সজেনিক গ্রিনহাউস নতুন উচ্চফলনশীল জাত উদ্ভাবনে অবদান রাখবে বলে বিশ্বাস করি।

ট্রান্সজেনিক গ্রিনহাউস হচ্ছে একটি গবেষণাগার। জিনতত্ত্ব পরিবর্তনের মাধ্যমে ধান এবং অন্যান্য ফসলের উন্নত জাত ও প্রতিকূল পরিবেশে চাষ করা যাবে- এমন জাত উদ্ভাবনের লক্ষ্যে গবেষণা চালানোর জন্য এই গ্রিনহাউস তৈরি করা হয়েছে। বিভাগের প্রধান ড. শামসুল হক প্রধানের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য দেন কোষাধ্যক্ষ ড. মো. আনোয়ারুল ইসলাম, স্কুল অব লাইফ সায়েন্সেসের ডিন ড. এস এম আবু সায়েম, স্কুল অব এগ্রিকালচার অ্যান্ড মিনারেল সায়েন্সেসের ডিন ড. রোমেল আহমেদ, ড. মো. ফারুক মিয়া প্রমুখ।

